DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) ⎕ তৈরি: 15 Jul 2026, 12:26 PM

প্রযুক্তি

# সাইবার নিরাপত্তার নতুন নিয়ম স্থগিত করল পেন্টাগন

প্রতিবেদক: প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ১৪ জুলাই ২০২৬, ০৭:৪৯ PM



ছবিঃ রয়টার্স

যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা দপ্তর (পেন্টাগন) প্রতিরক্ষা খাতে কাজ করা ঠিকাদার প্রতিষ্ঠানের জন্য সাইবার নিরাপত্তার একটি নতুন নিয়ম সাময়িকভাবে স্থগিত করেছে।

মঙ্গলবার (১৪ জুলাই) বার্তা সংস্থা রয়টার্স এ তথ্য জানায়।

এই নিয়ম অনুযায়ী, প্রতিরক্ষা খাতে কাজ করা প্রতিষ্ঠানগুলোকে স্বাধীন একটি সংস্থার মাধ্যমে সাইবার নিরাপত্তা অডিট করাতে হতো। এতে তাদের তথ্য সুরক্ষার মান যাচাই করা হতো।

তবে আপাতত সেই বাধ্যতামূলক অডিট বন্ধ রাখা হয়েছে। এখন প্রতিষ্ঠানগুলো নিজেরাই প্রাথমিক নিরাপত্তা মূল্যায়ন (সেলফ-অ্যাসেসমেন্ট)

করতে পারবে।

নিয়মটির দ্বিতীয় ধাপ আগামী ১০ নভেম্বর চালু হওয়ার কথা ছিল। কিন্তু সেটি এখন স্থগিত করা হয়েছে।

পেন্টাগন জানায়, ছোট ও মাঝারি অনেক প্রতিষ্ঠান নতুন নিয়ম নিয়ে অভিযোগ করেছে। তাদের দাবি, এই নিয়ম মানতে কয়েক লাখ ডলার পর্যন্ত অতিরিক্ত খরচ হচ্ছে।

আবার অডিট করানোর জন্যও দীর্ঘদিন অপেক্ষা করতে হচ্ছে। এসব কারণে অনেক প্রতিষ্ঠান প্রতিরক্ষা খাতের কাজ ছেড়ে দেওয়ার কথাও ভাবছিল।

পেন্টাগন বলছে, এসব অভিযোগ বিবেচনায় নিয়েই নিয়মটি সাময়িকভাবে স্থগিত করা হয়েছে।

প্রতিরক্ষা দপ্তরের মতে, বর্তমান নিয়মের কারণে অনেক নতুন ও উদ্ভাবনী প্রতিষ্ঠান প্রতিরক্ষা খাত থেকে সরে যাচ্ছে। এতে প্রতিযোগিতা কমে যাচ্ছে এবং সরবরাহ ব্যবস্থাও ক্ষতিগ্রস্ত হচ্ছে।

এ কারণে আগামী ৬০ দিন নিয়মটি পর্যালোচনা করা হবে। এ সময় শিল্পখাতের মতামত নেওয়া হবে।

পর্যালোচনা শেষে নতুন সুপারিশের ভিত্তিতে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে বলে জানিয়েছে পেন্টাগন।

---


## এ বিভাগের আরও খবর




বিপিএলে সাকিবের বিধ্বংসী ব্যাটিংয়ে জয় পেল রংপুর রাইডার্স
অলরাউন্ড নৈপুণ্যে প্রতিপক্ষকে কুপোকাত করে পয়েন্ট টেবিলের শীর্ষে অবস্থান।




**বঙ্গোপসাগরে গভীর সমুদ্র বন্দরে জাহাজ ভেড়ার প্রস্তুতি**

ব্লু ইকোনমির সম্ভাবনা কাজে লাগাতে বন্দর অবকাঠামো শক্তিশালী করা হচ্ছে।

---




**রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের কাজ দ্রুত এগিয়ে চলছে**

আগামী বছরের শুরুতে জাতীয় গ্রিডে বিদ্যুৎ যোগ হওয়ার সম্ভাবনা।

---




**বিপিএলে সাকিবের বিধ্বংসী ব্যাটিংয়ে জয় পেল রংপুর রাইডার্স**

অলরাউন্ড নৈপুণ্যে প্রতিপক্ষকে কুপোকাত করে পয়েন্ট টেবিলের শীর্ষে অবস্থান।

---

Copyright Dhaka Probe